



# রাজশাহী বিশ্ববিদ্যালয় স্কুল

ডেমনস্ট্রেশন ইউনিট-১

আই.ই.আর, রাজশাহী বিশ্ববিদ্যালয়

## নিয়োগ বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং- আই.ই.আর (রা.বি স্কুল)/২০১৯/১৫৭৬

তারিখ: ০২.১২.২০১৯

রাজশাহী বিশ্ববিদ্যালয় স্কুলের নিম্নবর্ণিত শূন্যপদসমূহ পূরণের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে সাদা কাগজে স্ব-হস্তে/টাইপকৃত দরখাস্ত আহবান করা যাচ্ছে। দরখাস্তে প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ, জাতীয়তা, পূর্ণ স্থায়ী ও বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, বৈবাহিক অবস্থা, যোগাযোগের জন্য মোবাইল নম্বর উল্লেখসহ পাসপোর্ট সাইজের ৩ কপি সত্যায়িত ছবি, সকল সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত কপি এবং পরিচালক, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের অনুকূলে অগ্রণী ব্যাংক, রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখা, রাজশাহী এর উপর ইস্যুকৃত (অফেরতযোগ্য) উপাধ্যক্ষ পদের জন্য ১০০০/- (এক হাজার) ও প্রভাষক পদের জন্য ৮০০/- (আটশত) টাকার ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে।

ক্র:নং	পদের নাম, বেতন স্কেল ও অন্যান্য সুবিধা	সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও শর্তাদি
১।	<b>পদ: উপাধ্যক্ষ</b> বেতন স্কেল : টা: ৪৩০০০-৬৯৮৫০ অন্যান্য সুবিধাদি : রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রচলিত বিধি মোতাবেক	১ টি	১. ২০০৪ ও তৎপরবর্তী সময়ে এস.এস.সি ও এইচ.এস.সি বা সমমান পরীক্ষায় কমপক্ষে জিপিএ ৩.০০ এবং ২০০১, ২০০২ ও ২০০৩ সনের এস.এস.সি বা সমমান পরীক্ষা ও ২০০৩ সনের এইচ.এস.সি বা সমমান পরীক্ষায় কমপক্ষে জিপিএ ২.৫০ অথবা এস.এস.সি ও এইচ.এস.সি উভয় পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ। ২. যে কোন বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর উভয় পর্যায়ে কমপক্ষে সিজিপিএ/জিপিএ ২.৫০ (৪.০০ স্কেলে) অথবা উভয় পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণি। ৩. অভিজ্ঞতা: সহকারী অধ্যাপক হিসেবে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ মোট ১২ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা অথবা কোনো এমপিওভুক্ত কলেজে ১৫ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। সরকারী ক্যাডেট কলেজ অথবা পিএসসি-এর মাধ্যমে নিয়োগপ্রাপ্ত সরকারী কলেজের অবসরপ্রাপ্ত অধ্যক্ষ, উপাধ্যক্ষ অথবা অধ্যাপকের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতার ও অভিজ্ঞতার এক বা একাধিক শর্ত শিথিলযোগ্য।
	<b>পদ: প্রভাষক</b> বেতন স্কেল : টা: ২২০০০-৫৩০৬০ অন্যান্য সুবিধাদি : রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রচলিত বিধি মোতাবেক ক. গণিত-১টি খ. কৃষি শিক্ষা-১টি গ. আইসিটি-১টি ঘ. কর্ম ও জীবনমুখী শিক্ষা ও ক্যারিয়ার শিক্ষা-২টি	৫টি	১. ২০০৪ ও তৎপরবর্তী সময়ে এস.এস.সি ও এইচ.এস.সি বা সমমান পরীক্ষায় কমপক্ষে জিপিএ ৩.০০ এবং ২০০১, ২০০২ ও ২০০৩ সনের এস.এস.সি বা সমমান পরীক্ষা ও ২০০৩ সনের এইচ.এস.সি বা সমমান পরীক্ষায় কমপক্ষে জিপিএ ২.৫০ অথবা এস.এস.সি ও এইচ.এস.সি উভয় পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ। ২. সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর উভয় পর্যায়ে কমপক্ষে সিজিপিএ/জিপিএ ২.৫০ (৪.০০ স্কেলে) অথবা উভয় পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণি। স্নাতক (সম্মান) না থাকলে স্নাতক ও স্নাতকোত্তর যে কোন ১টি তে ১ম শ্রেণি এবং অন্যটিতে কমপক্ষে ২য় শ্রেণি অথবা বি.এড/এম.এড এর যে কোন ১টিতে ১ম শ্রেণি থাকতে হবে। ৩. আই.সি.টি বিষয়ের প্রভাষক পদে আবেদনের ক্ষেত্রে আই.সি.টি/ আই.সি.ই/ আই.টি/ফলিত পদার্থ বিজ্ঞান ও ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং/পদার্থ বিজ্ঞান/গণিত বিষয় থেকে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর পাশ হতে হবে। উল্লেখ্য, আই.সি.টি বিষয়ে ০৭.০২.২০১৯ তারিখের বিজ্ঞপ্তি মোতাবেক প্রভাষক পদে চাকুরির জন্য যারা আবেদন করেছেন তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নাই। ৪. কৃষিক্ষেত্র বিষয়ে প্রভাষক পদে আবেদনের ক্ষেত্রে ব্যাচেলর অব সায়েন্স ইন এগ্রিকালচার (সম্মান)সহ (বি.এস.সি.এজি) এম.এস.সি এগ্রিকালচার (এম.এস.এজি) ডিগ্রিপ্রাপ্তরা আবেদন করতে পারবেন। ৫. কর্ম ও জীবনমুখী শিক্ষা ও ক্যারিয়ার শিক্ষা বিষয়ে সামাজিক বিজ্ঞান অনুষদের যে কোনো বিষয় ও শিক্ষায় স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিপ্রাপ্তরা আবেদন করতে পারবেন। ৬. পাবলিক বিশ্ববিদ্যালয় হতে এম.এড অথবা পিজিডিএড অথবা বি.এড ডিগ্রিতে কমপক্ষে জিপিএ ২.৫০ (৪.০০ স্কেলে) অথবা ২য় শ্রেণি থাকতে হবে। এম.এড অথবা পিজিডিএড অথবা বি.এড ডিগ্রি না থাকে তবে নিয়োগ প্রাপ্তির ২ বছরের মধ্যে স্ব-উদ্যোগে উক্ত ডিগ্রি অর্জন করতে হবে। অন্যথায় চাকুরি স্থায়ীকরণ করা হবে না। ৭. প্রার্থীর বয়স বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে অনূর্ধ্ব ৩৮ বছর তবে অভ্যন্তরীণ ও অভিজ্ঞ প্রার্থীর ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। ৮. শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়।

### অন্যান্য শর্তাবলী:

- পরিচালক, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট ও সভাপতি, স্কুল পরিচালনা পরিষদ, রাজশাহী বিশ্ববিদ্যালয় স্কুল, রাজশাহী, বরাবর দরখাস্ত (৬কপি) পৌছানোর শেষ তারিখ ২২-১২-২০১৯ বিকাল ৪:০০ টা পর্যন্ত।
- মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে সরকারী নিয়ম অনুযায়ী কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।
- চাকুরিরত প্রার্থীদের নিজ নিজ বিভাগীয় প্রধানের মাধ্যমে আবেদন করতে হবে।
- অসম্পূর্ণ ও ত্রুটিযুক্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

### পরিচালক

শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট  
রাজশাহী বিশ্ববিদ্যালয়  
ও  
সভাপতি  
স্কুল পরিচালনা পরিষদ  
রাজশাহী বিশ্ববিদ্যালয় স্কুল  
রাজশাহী